তারিখ: 22 JAN 2015
পৃষ্ঠা: ১২ কলাম: ৭

প্রথম আলো

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভা

গতকাল সকালে ১১টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৮১তম সভা
গাজীপুর ক্যাম্পাসের একাডেমিক ভবনে ভিসি প্রফেসর ড. হারুন-অর-রশিদের
সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীদের সেশনজট
নিরসনে একটি ক্রাশ প্রোগ্রাম গ্রহণ করা হয়, যা আজ সকাল ১১টায় ধানমন্ডিস্থ নগর
কার্যালয়ে) অনুষ্ঠিতব্য সংবাদ সম্মেলনে ঘোষণা করা হবে। একাডেমিক কাউন্সিলের
এ সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড. মো. আসালাম ভূঁইয়া, অধ্যাপক
ড. মুনাজ আহমেদ নূর ছাড়াও ইউআইটিএস বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড.
কেএম সাইফুল ইসলাম খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মশিউর রহমান, ঢাকা
শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, অধ্যক্ষ সরকারি বিএম কলেজ (বরিশাল), অধ্যক্ষ, বালুগ্রাম
আদর্শ কলেজ (চাঁপাইনবাবগঞ্জ), অধ্যক্ষ, তিতুমীর কলেজ (ঢাকা) প্রমুখ উপস্থিত
ছিলেন। –বিজ্ঞপ্তি